



বাংলাদেশের 'ডোনাল্ড ট্রাম্প' আলোচনায় বিশ্ব গণমাধ্যম



সংগৃহীত ছবি

কোরবানির ঈদ সামনে রেখে বাংলাদেশে একটি অ্যালবিনো মহিষকে ঘিরে ব্যাপক আগ্রহ তৈরি হয়েছে। ধবধবে সাদা গায়ের ওপর এলোমেলো সোনালি চুল থাকায় স্থানীয়রা এটিকে মজার ছলে ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে তুলনা করেন। সেই তুলনা থেকেই নাম হয়ে গেছে “ডোনাল্ড ট্রাম্প”। প্রতিদিন খামারে ভিড় করছেন অসংখ্য দর্শনার্থী।

ঘটনাটি দ্রুত সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে এবং আন্তর্জাতিক গণমাধ্যমের নজরে আসে। রয়টার্স শিরোনাম করে, “বাংলাদেশের বিরল ডোনাল্ড ট্রাম্প মহিষ ঈদে আলোচনার কেন্দ্রবিন্দু”। দ্য টেলিগ্রাফ লিখেছে, “বাংলাদেশ ঈদে কোরবানি দিতে যাচ্ছে অ্যালবিনো ‘ডোনাল্ড ট্রাম্প’ মহিষ”। হিন্দুস্তান টাইমস এটিকে “ভাইরাল সেনসেশন” হিসেবে উল্লেখ করে, আর এনডিটিভি ট্রাম্পের সঙ্গে মহিষটির চেহারার মিলকে গুরুত্ব দেয়। যুক্তরাজ্যভিত্তিক দ্য সানডে গার্ডিয়ানও ঈদকে কেন্দ্র করে এর জনপ্রিয়তা নিয়ে প্রতিবেদন প্রকাশ



করে।

ভারতের পাশাপাশি মধ্যপ্রাচ্য ও ইউরোপের বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মেও বিষয়টি ছড়িয়ে পড়ে। মহিষটির ছবি ও ভিডিও ব্যাপকভাবে শেয়ার হতে থাকে, যা এটিকে বৈশ্বিক কৌতূহলের বিষয় হিসেবে তুলে ধরে।

স্থানীয় খামারিরা জানিয়েছেন, মহিষটি শান্ত স্বভাবের হলেও দর্শনার্থীর চাপ সামলানো এখন বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। প্রতিদিনই ভিড় বাড়ছে বলে তারা জানান।

Bangladesh's rare 'Donald Trump' buffalo becomes Eid sensation

By Reuters  
May 22, 2026 7:41 PM GMT+6 - Updated 14 hours ago



[1/2] A sacrificial albino buffalo named after U.S. President Donald Trump which recently went viral, is pictured at an agro farm ahead of Eid al-Adha, in Narayanganj, Bangladesh, May 20, 2026. REUTERS/Mohammed Fahir Hossain

DHAKA, May 22 (Reuters) - A rare albino buffalo with flowing blond hair has become an unlikely celebrity in Bangladesh ahead of the Eid al-Adha festival, drawing crowds of curious visitors who say the animal bears a striking resemblance to U.S. President Donald Trump.

এদিকে কিছু অনলাইন প্ল্যাটফর্মে ঘটনাটি রাজনৈতিক ব্যঙ্গের রূপও নেয়। ভিডিও ও ছবিকে কেন্দ্র করে বিভিন্ন মন্তব্য ছড়িয়ে পড়ে, যা বিষয়টিকে আরও আলোচনার দিকে ঠেলে দেয়।

LENS ASIA